



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/ ৪৭ /ঝালকাঠি-৫২

তারিখ: ২৭ পৌষ ১৪২৮  
৩১ জানুয়ারি ২০২২

বিষয় : অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি পদ বাতিল করণ প্রসঙ্গে

- সূত্র : ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের পত্র নং বামাশিবো/প্রশা/২২১২০১০১৯৪৮১/২৫৩০৬/নথি নং-৫২ তারিখ: ২০.০৫.২০২০ খ্রি:।  
 ২। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের পত্র নং বামাশিবো/প্রশা/২৩৩২১১০১৯৪৮১/২৭/ঝালকাঠি-৫২ তারিখ: ২৯.০৯.২০২১ খ্রি:।  
 ৩। উপজেলা নির্বাহী অফিসার, রাজাপুর, ঝালকাঠি এর পত্র নং ০৫.১০.৮২৮৪.০০১.১৬.০২৫.২০.৮৫৭ তারিখ: ০৬.১০.২০২১ খ্রি:।  
 ৪। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের পত্র নং বামাশিবো/প্রশা/২৩৩২১১০১৯৪৮১/৩৭/ঝালকাঠি-৫২ তারিখ: ০৩.১১.২০২১ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ঝালকাঠি জেলার রাজাপুর উপজেলাধীন শুল্লাগড় মাহমুদিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদন দেয়া হয়েছে। উক্ত ম্যানেজিং কমিটির সভাপতির বিরুদ্ধে অর্থ আত্মসাৎ, শিক্ষকদের সাথে অসদাচরণ, দুর্নীতি ও মাদ্রাসার স্বার্থবিরোধী কর্মকান্ডের উল্লেখ করে সকল সদস্যের পদত্যাগপত্রসহ মাদ্রাসার সুপার অভিযোগ দাখিল করেছেন। অভিযোগের আলোকে সূত্রোক্ত ২নং স্মারক পত্রের আলোকে সূত্রোক্ত ৩নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, রাজাপুর, ঝালকাঠি তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণ করেছেন। তদন্তে সভাপতি জনাব মো: ইদ্রিস আলীর বিরুদ্ধে আনীত অভিযোগগুলোর সত্যতা প্রমাণিত হওয়ায় সূত্রোক্ত ৪নং স্মারকে কারণ দর্শানো পত্র দেয়া হয়েছে। মাদ্রাসার সুপার এবং সভাপতি জনাব মো: ইদ্রিস আলী কারণ দর্শানোর জবাব দাখিল করেছেন। কারণ দর্শানোর জবাব যাচাই করে দেয়া যায় ম্যানেজিং কমিটির সদস্যদের পদত্যাগ বিধি মোতাবেক হয়নি এবং সভাপতি জনাব মো: ইদ্রিস আলীর জবাব সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয়েছে।

বর্ণিত অবস্থায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান ৩৮ অনুযায়ী সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি মনোনয়ন বাতিল করা হলো এবং প্রবিধান ৮(৫) অনুসরণ করে সভাপতি নির্বাচন পূর্বক অনুমোদনের আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
২০.০১.২০২২

মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

  
২০.০১.২২

সুপার/ভারপ্রাপ্ত সুপার,  
শুল্লাগড় মাহমুদিয়া দাখিল মাদ্রাসা,  
পো: শুল্লাগড়, রাজাপুর, ঝালকাঠি।

নং-বামাশিবো/প্রশা/ ৪৭ /ঝালকাঠি-৫২

তারিখ: ২৭ পৌষ ১৪২৮  
৩১ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, ঝালকাঠি;
২. জেলা শিক্ষা অফিসার, ঝালকাঠি;
৩. উপজেলা নির্বাহী অফিসার, রাজাপুর, ঝালকাঠি;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজাপুর, ঝালকাঠি;
৫. জনাব মো: ইদ্রিস আলী (সাবেক সভাপতি), ম্যানেজিং কমিটি, শুল্লাগড় মাহমুদিয়া দাখিল মাদ্রাসা, রাজাপুর, ঝালকাঠি;
৬. সদস্যবৃন্দ, ম্যানেজিং কমিটি, শুল্লাগড় মাহমুদিয়া দাখিল মাদ্রাসা, রাজাপুর, ঝালকাঠি;
৭. ম্যানেজার, সোনালী/রুপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি., ..... শাখা, রাজাপুর, ঝালকাঠি;
৮. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

  
২০/১/২২

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

  
২০.০১.২২